

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
পিরোজপুর।



Email-pirojpurdeo@yahoo.com

স্মারক নং-জেশিঅ/পিরোজ/২০১৯/৩৭৮৭

তারিখ : ৩০/০৭/২০১৯খ্রি:

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন প্রসংগে।

সূত্র : জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-০৫.১০.৭৯০০.০০৮.২৩.০২২.১৯-৫৭৭ তারিখ : ২৪/০৭/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখে তাঁর উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, তাঁর জীবন ও কীর্তির উপর আলোচনা সভা, প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, জাতীয় শোক দিবসের সংগে সংগতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ ও নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিল আয়োজন করাসহ স্থানীয় পর্যায়ে বিভিন্ন কর্মসূচি পালনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা সদরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উপজেলা প্রশাসনের নির্ধারিত কর্মসূচিতে অংশ গ্রহণ করবে (প্রয়োজ্য ক্ষেত্রে)। যে সকল প্রতিষ্ঠান উপজেলা প্রশাসনের কর্মসূচিতে অংশগ্রহণ করবে এমন প্রতিষ্ঠানসমূহে আগামী ১৬ আগস্ট ২০১৯খ্রি: তারিখে নিজ প্রতিষ্ঠানে তাঁর জীবন ও কীর্তির উপর আলোচনা সভা, প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, জাতীয় শোক দিবসের সংগে সংগতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ ও নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিল আয়োজন করাসহ স্থানীয় পর্যায়ে বিভিন্ন কর্মসূচি পালনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, প্রতিষ্ঠান প্রধান, সকল শিক্ষক/শিক্ষিকা এবং সকল শিক্ষার্থীর উপস্থিতিতে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস উদযাপনের বিষয়টি নিশ্চিত করবেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

..... (সকল)

পিরোজপুর।

(সুনিল চন্দ্র সেন)

জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

পিরোজপুর।

তারিখ : ৩০/০৭/২০১৯খ্রি:

স্মারক নং-জেশিঅ/পিরোজ/২০১৯/৩৭৮৭/৬

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। জেলা প্রশাসক, পিরোজপুর।

২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।

৩। অফিস নথি।

(সুনিল চন্দ্র সেন)

জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

পিরোজপুর।